**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 2 FEBRUARY 2026 , MONDAY | ২ ফেব্রুয়ারি ২০২৬ , সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-63

## চালকের তৎপরতায় বেঁচে গেল হাতি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ ফেব্রুয়ারি : গতকাল সন্ধ্যায় রেলকর্মীদের তৎপরতায় বড়সড় দুর্ঘটনা থেকে রক্ষা পেল একটি বন্য হাতি। নাগরাকাটা–চালসা রেল স্টেশনের মধ্যবর্তী অংশে ডাউন আইআইএসডি ডোলো ট্রেন চালানোর সময় এই ঘটনা ঘটে।রেল সূত্রে জানা গেছে, গতকাল রাত আনুমানিক ৮টা ৪০ মিনিট নাগাদ কিলোমিটার ৭০/১১-১২ পয়েন্টে একটি পূর্ণবয়স্ক হাতি রেললাইন পার হওয়ার চেষ্টা করছিল। সেই সময় ডিউটিতে থাকা লোকো পাইলট শ্রী মুখেশ কুমার-৬ এবং সহকারী লোকো পাইলট শ্রী ধ্রুবজ্যোতি সরকার বিষয়টি লক্ষ্য করেন।দ্রুত পরিস্থিতির গুরুত্ব বুঝে তারা সঙ্গে সঙ্গে ট্রেনের গতি নিয়ন্ত্রণ করেন এবং ট্রেন থামিয়ে হাতিটিকে নিরাপদে রেললাইন পার হওয়ার সুযোগ করে দেন। কিছুক্ষণের মধ্যেই হাতিটি জঙ্গলমুখী হয়ে চলে যায়। এরপর স্বাভাবিক নিয়মে ট্রেন চলাচল শুরু হয়।রেলকর্মীদের এই উপস্থিত বুদ্ধি ও মানবিক পদক্ষেপে একদিকে যেমন বন্যপ্রাণীর জীবন রক্ষা পেল, তেমনই বড়সড় রেল দুর্ঘটনার সম্ভাবনাও এড়ানো সম্ভব হয়েছে। রেল কর্তৃপক্ষ এই ঘটনার জন্য সংশ্লিষ্ট চালক ও সহকারী চালকের প্রশংসা করেছেন।

## বিশ্ববীর চিলা রায়ের পোস্টার ছিঁড়ে ফেলাকে কেন্দ্র করে রাস্তা অবরোধ ,আটক দুই



সুস্মিতা রায়, এই যুগ, জলপাইগুড়ি, ১ ফেব্রুয়ারি : বিশ্ববীর চিলা রায়ের ৫১৬তম জন্মদিন পালনের পরেই তাঁর ছবি-সংবলিত পোস্টার উপড়ে ফেলার ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়াল পানবাড়ি ত্রিশক্তি ফ্যাক্টরি এলাকায়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ও চাঞ্চল্যের সৃষ্টি হয়। বিষয়টি জানাজানি হতেই ক্ষোভে ফেটে স্থানীয় মানুষজন।ঘটনার প্রতিবাদে ময়নাগুড়ি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয় এবং রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে স্থানীয় মানুষজন । ঘটনার খবর পেয়ে ঘটনা স্থলে পৌঁছায় ময়নাগুড়ি থানার পুলিশ । অভিযুক্তের বিরুদ্ধে দ্রুত ও কঠোর ব্যবস্থা গ্রহণ না করলে বৃহত্তর আন্দোলনের পথে নামার হুঁশিয়ারি দিয়েছেন স্থানীয় মানুষজন । পরে অভিযুক্ত দুজনকেই পুলিশ আটক করে থানায় নিয়ে যায় এবং অবরোধ তুলে নেয় সাধারণ মানুষ।

**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী।
**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"**এই যুগ**" অফিসে।
ফোন নং: **9062867921** ।



# মাধ্যমিক পরীক্ষা নিয়ে সচেতন পুলিশের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ ফেব্রুয়ারি : ২রা ফেব্রুয়ারি সোমবার থেকে শুরু হবে রাজ্যের মাধ্যমিক পরীক্ষা। মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র সংলগ্ন এলাকা ১৪৪ ধারা জারি থাকবে রবিবার রাত আটটা নাগাদ আলিপুরদুয়ার জেলার বীরপাড়া থানার পুলিশের পক্ষ থেকে এমনটাই প্রচার চলছে জনবহুল এলাকায়। এছাড়াও মাধ্যমিক পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্র সংলগ্ন এলাকার জেরক্স দোকান বন্ধ থাকবে বলে জানা গেছে। অপ্রীতিকর ঘটনা ঠেকাতে পরীক্ষা সুষ্ঠুভাবে চলার জন্য প্রশাসনিক কর্তারা সব রকম ব্যবস্থা গ্রহণ করেছেন।

# হৃদরোগে আক্রান্ত হয়ে সাব-ইন্সপেক্টর এর মৃত্যু



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ ফেব্রুয়ারি : হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হল আলিপুরদুয়ার থানার অধীন কর্মরত সাব-ইন্সপেক্টর অশ্বিনী বর্মনের। এমনটাই জানা গেছে শনিবার রাত নটা নাগাদ। সাত দিন ধরে তিনি অসুস্থ হয়ে শিলিগুড়িতে চিকিৎসাধীন ছিলেন। শনিবার রাত তিনটা নাগাদ তার মৃত্যু হয় এমনটাই জানা গেছে। অশ্বিনী বর্মন শামুকতলা থানায় সাত বছর কর্মরত থাকার পর আলিপুরদুয়ার ট্রাফিক অফিসার হিসেবে যোগদান করেন। পরবর্তীতে শামুকতলা ট্রাফিক ওসি হিসেবে কাজ করেন বেশ কয়েক মাস। এরপর তাকে নিয়ে যাওয়া হয় আলিপুরদুয়ার পুলিশ লাইনে। সূত্রের খবর আগামী ২৬ শে ফেব্রুয়ারি তিনি চাকরী জীবন শেষ করে অবসর গ্রহণ করতেন। তার মৃত্যুতে শোকস্তব্ধ হয়ে পড়ে পুলিশ মহল। দীর্ঘদিন শামুকতলা থাকার দরুন তার সঙ্গে সাধারণ বাসিন্দাদের সঙ্গে অনেকটাই সুসম্পর্ক হয়ে গিয়েছিল। তার মৃত্যুর খবর জানার পর শামুকতলা থানা এলাকার অনেক বাসিন্দায় শোকস্তব্ধ হয়ে গেছেন।

# মহাকাল চৌপথী এলাকায় নষ্ট হাইমাস্ট সোলার লাইট



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১ ফেব্রুয়ারি : এক মাসেরও অধিক সময় ধরে নষ্ট হয়ে আছে একত্রিশ নম্বর জাতীয় সড়ক সংলগ্ন মহাকাল চৌপথী এলাকার হাইমাস্ট সোলার লাইট ।এমনটাই দেখা গেল রবিবার রাত আটটা নাগাদ এই এলাকায় গিয়ে। যদিও ব্যবসায়ীদের দাবি মহাসড়কের কাজ শুরু হয়েছে মহাকাল চৌপথী এলাকায় প্রচুর পরিমাণে ধুলা প্রতিদিন উড়ছে ওই এলাকাতেই । হাই মাষ্ট সোলার লাইট এ পর্যাপ্ত পরিমাণে ধুলো জমে গেছে এর ফলেই সোলার লাইট গুলি নষ্ট হয়ে গেছে। তবে সোলার লাইট বন্ধ থাকায় অসুবিধার সম্মুখীন হচ্ছেন এলাকার ব্যবসায়ী থেকে শুরু করে পথ চলতি মানুষ। ৩১ নম্বর জাতীয় সড়কের মহাকাল চৌপথীতে মহাসড়কের কাজের পাশাপাশি পাকা ব্রিজ তৈরির কাজ চলছে ফলে দুর্ঘটনা ঘটতেই পারে অন্ধকার থাকার দরুন।

# ক্রিকেট খেলার মাধ্যমে মাদক দ্রব্য বিরোধী প্রচার পুলিশের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১ ফেব্রুয়ারি : পুলিশ এবং সাধারণ মানুষের মধ্যে সুসম্পর্ক বজায় রাখতে এবং মাদক বিরোধী প্রচার করতে চিকলিগুড়ির যুবকদের সঙ্গে ক্রিকেট প্রতিযোগিতায় মেতে উঠলেন ভাটিবাড়ী পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত আধিকারিক দীপঙ্কর গোস্বামীর নেতৃত্বে তার দল। এমনটাই জানা গেছে রবিবার রাত আটটা নাগাদ। এদিন টসে জিতে ভাটিবাড়ী পুলিশ ফাঁড়ির পুলিশ কর্মীরা ১২ ওভারে ১২২ রান করে। পরবর্তীতে তাদের বিপক্ষ টিম চিকলিগুড়ির যুবকরা বেট করতে নেমে একানব্বই রানে সকলেই আউট হয়ে যান। মূলত সাধারন মানুষের সঙ্গে পুলিশের সুসম্পর্ক তৈরি করার লক্ষ্যেই তাদের এই খেলার আয়োজনে এমনটাই জানিয়েছেন ভাটিবাড়ী পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত আধিকারিক দীপঙ্কর গোস্বামী। এদিন পুলিশ এবং চিকলিগুড়ি এলাকার যুবকদের খেলা দেখার জন্য উৎসুক জনতার ভিড় ছিল চোখে পড়ার মতো।

# উদ্ধার পিক আপ ভ্যান সহ সাতটি মহিষ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১ ফেব্রুয়ারি : কুমারগ্রাম ব্লকের ভল্কা বারোবিশা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের রাধানগর গ্রামের শিলবাংলা ফরেস্ট রোড থেকে মহিষ বোঝাই একটি পিক আপ ভ্যান উদ্ধার করে কুমারগ্রাম থানার অন্তর্গত বারোবিশা ফাঁড়ির পুলিশ। স্থানীয় সূত্রে জানা গেছে এদিন সকালে মহিষ বোঝাই তিনটি পিক আপ ভ্যান সাতাশ নম্বর জাতীয় সড়ক ধরে অসমের দিকে যাচ্ছিলো।এদের মধ্যে দুটি ভ্যান এম ভি আই সহ নাকা পয়েন্ট পেরিয়ে অসমের দিকে চলে যায়। একটি পিক আপ ভ্যান কোনো কারনে অসমে প্রবেশ করতে না পেরে ঘুরে চলে আসে রাধানগর গ্রামের শিলবাংলা ফরেস্ট বিটের রাস্তায়। চালক পিক আপ ভ্যানটি ঐ রাস্তায় ফেলে রেখে পালিয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মহিষ সহ পিক আপ ভ্যান ফাঁড়িতে নিয়ে আসে। মহিষগুলির বা গাড়ির কোনো বৈধ নথিপত্র না পেয়ে পুলিশ মহিষ ও গাড়িটি বাজেয়াপ্ত করে। গাড়িতে থাকা সাতটি মহিষ কে খোঁয়াড়ে রাখা হয়েছে। স্থানীয়রা জানান মহিষগুলি অসমে পাচার করা হচ্ছিলো। বিজেপির আলিপুরদুয়ার জেলা সম্পাদক বিপ্লব দাস এ বিষয়ে বলেন শাসকদলের নেতাদের মদতে এই এলাকায় মহিষ পাচার চক্র সক্রিয়। তার দাবি পুলিশ এই পাচার বন্ধে তৎপর হোক।

# শিলিগুড়িতে একটি মিষ্টি তৈরির কারখানায় আগুন , ক্ষতি লক্ষাধিক টাকার



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১ ফেব্রুয়ারি : রবিবার সকালে আগুনে পুড়ে ছাই হয়ে যায় শিলিগুড়ির সেভক রোডে একটি মিষ্টি তৈরীর কারখানা। জানা গেছে এদিন ভোর পাঁচটা নাগাদ স্থানীয় মানুষেরা কারখানা থেকে আগুনের লেলিহান শিখা ও ধোঁয়া বেরোতে দেখে কারখানার মালিককে ফোন করেন। তারাই খবর দেন শিলিগুড়ি দমকল কেন্দ্রে ও থানায়। খবরপেয়ে দমকল কর্মীরা তিনটি ইঞ্জিন নিয়ে ঘটনাস্থলে পৌঁছান ও আগুন নেভানোর কাজ শুরু করেন। ঘটনাস্থলে পৌঁছান শিলিগুড়ি থানার পুলিশ কর্মীরা। ঘন্টা তিনেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনা সম্ভব হলেও ততক্ষনে পুড়ে ছাই হয়ে যায় কারখানার ভেতরে থাকা প্যাকেজিং সামগ্রী প্যাকেজিং এর মেশিন ও মিষ্টি তৈরির সরঞ্জাম। মালিক জানান ক্ষতির পরিমান লক্ষাধিক টাকা। আগুন লাগার সঠিক কারন জানা যায় নি তবে দমকল কর্মীদের অনুমান বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুন লাগতে পারে। তদন্ত চলছে। তদন্ত শেষ হলেই আগুন লাগার সঠিক কারন জানা যাবে বলে জানান দমকল কর্মীরা। আগুনে হতাহতের কোনো ঘটনা না থাকায় স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন সকলে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |